

আন্তর্জাতিক

বিশ্বকাপ ফাইনালে আর্জেন্টিনার পাশে নেতানিয়াহু

প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



বিশ্বকাপ ফুটবলের ফাইনালে স্পেনের বিপক্ষে মাঠে নামার আগে আর্জেন্টিনার প্রতি সমর্থন জানিয়েছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। রাজনৈতিক অঙ্গনের আলোচিত এই নেতা জানিয়েছেন, শিরোপার লড়াইয়ে তিনি আর্জেন্টিনার জয় কামনা করছেন।

শনিবার ইসরায়েলে নিযুক্ত আর্জেন্টিনার রাষ্ট্রদূত রাব্বি শিমন অ্যাক্সেল ওয়াহনিশের সঙ্গে সাক্ষাৎকালে আর্জেন্টিনার প্রতি নিজের সমর্থনের কথা জানান নেতানিয়াহু।

এ সময় আর্জেন্টিনার প্রেসিডেন্ট হাবিয়ের মিলেইয়ের পাঠানো একটি শুভেচ্ছা বার্তাও নেতানিয়াহুর কাছে পৌঁছে দেন রাষ্ট্রদূত।

ওই বার্তায় মিলেই নেতানিয়াহুকে 'বন্ধু' উল্লেখ করে আর্জেন্টিনার প্রতি তার সমর্থনের জন্য কৃতজ্ঞতা জানান। জবাবে নেতানিয়াহু বলেন, 'হাবিয়ের, আপনি একজন বন্ধু।'

সত্যিকারের বন্ধু, একজন মহান বন্ধু। আমরা আপনাদের সমর্থন করি।

আগামীকালের ম্যাচসহ আরও অনেক বিষয়ে আমরা আর্জেন্টিনার পাশে আছি। অনেক শুভকামনা।

বিশ্বকাপ ফাইনালে বাংলাদেশ সময় সোমবার রাতে মুখোমুখি হবে আর্জেন্টিনা ও স্পেন। মেসির নেতৃত্বাধীন বর্তমান বিশ্বচ্যাম্পিয়নদের সামনে রয়েছে টানা দ্বিতীয়বার শিরোপা জয়ের সুযোগ। অন্যদিকে স্পেনও দ্বিতীয়বারের মতো বিশ্বকাপ জয়ের স্বপ্ন নিয়ে মাঠে নামবে।

এই ফাইনাল শুধু ফুটবলের লড়াই নয়, রাজনৈতিকভাবেও এর আলাদা গুরুত্ব রয়েছে। কারণ, ইসরায়েল ইস্যুতে স্পেন ও আর্জেন্টিনার অবস্থান অনেক ক্ষেত্রেই ভিন্ন। ফিলিস্তিন ইস্যুতে স্পেন তুলনামূলকভাবে কঠোর অবস্থান নিয়েছে। অন্যদিকে আর্জেন্টিনার প্রেসিডেন্ট হাভিয়ের মিলেই ইসরায়েলের ঘনিষ্ঠ মিত্র হিসেবে পরিচিত। এমন প্রেক্ষাপটেই নেতানিয়াহুর প্রকাশ্য সমর্থনকে রাজনৈতিকভাবেও গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে।

এ বিভাগের আরও খবর



হুথিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা
হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



সৌদি আকাশে হুথিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের হুথিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...



ভ্রমণে গিয়ে মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে প্রাণ গেল ৮ শিক্ষার্থীর
ভারতের মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে আট শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাজ্যটির রায়গড় জেলার দিভেগার সমুদ্রসৈকতে এ ঘটনা ঘটে। পরে তাদের মরদে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/bishbkap-fainale-arjentin-ar-pashe-netaniyahu>